



ক্রেডিট ইনফরমেশন ব্যুরো
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd



সিআইবি সার্কুলার লেটার নং-০১/২০২২

তারিখঃ ০২ মাঘ, ১৪২৮
১৬ জানুয়ারি, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

CIB Online System এ মাসিক ঋণতথ্য প্রদানের সময়সীমা প্রসঙ্গে।

সিআইবি সার্কুলার নং - ০১/২০১৮, তারিখঃ ২৬ এপ্রিল, ২০১৮ এবং সিআইবি সার্কুলার নং-০২/২০১১, তারিখঃ ০৪ মে, ২০১১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উপরোক্ত সার্কুলার অনুযায়ী সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে মাসিক ব্যাচ ডাটা পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে সিস্টেমে আপলোড করার নির্দেশনা রয়েছে। সিআইবি রিপোর্টের ঋণতথ্য আরো হালনাগাদ করার লক্ষ্যে সিআইবি ডাটাবেইজ এ Monthly Batch Contribution এর সময়সীমা কমানোর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তদানুযায়ী ২৬ এপ্রিল ২০১৮ তারিখে জারিকৃত সিআইবি সার্কুলার নং - ০১/২০১৮ এর সেকশন ৩ এ নিম্নলিখিত সংশোধনী আনা হয়েছে :

“জানুয়ারী, ২০২২ ব্যাচ বা তদপূর্ববর্তী প্রতিটি Monthly Batch Contribution পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে সিআইবি অনলাইন সিস্টেমে আপলোড করতে হবে।”

এবং ০৪ মে ২০১১ তারিখে জারিকৃত সিআইবি সার্কুলার নং - ০২/২০১১ এর অনুচ্ছেদ ৩ (ক) এ নিম্নলিখিত সংশোধনী আনা হয়েছে :

“সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে ১ (এক) টাকা বা তদুর্ধ্ব বকেয়া স্থিতিসম্পন্ন ঋণতথ্য (পজেটিভ বা নেগেটিভ ক্রেডিট কার্ডের ডাটাসহ) পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে সিআইবি অনলাইন সিস্টেমে আপলোড করতে হবে।”

এই সার্কুলারটি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনিছুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩৩